

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৪, ২০২৬

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১১ ফাল্গুন ১৪৩২/২৪ ফেব্রুয়ারি ২০২৬

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৪.২৬-২২৪।—ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য নির্বাচনি এলাকা ১৪৫ শেরপুর-৩ আসনের বাংলাদেশ জামায়াতে ইসলামী এর বৈধভাবে মনোনীত প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোহাম্মদ নুরুজ্জামান এর মৃত্যুজনিত কারণে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১৭ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুসারে নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১১ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতা বলে উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে ১(এক) জন সংসদ সদস্য নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভোটারগণকে আহ্বান জানাইতেছে এবং নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিতেছে:

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৭ ফাল্গুন ১৪৩২ ০২ মার্চ ২০২৬	সোমবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ ফাল্গুন ১৪৩২ ০৫ মার্চ ২০২৬	বৃহস্পতিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ	:	২১ ফাল্গুন—২৫ ফাল্গুন ১৪৩২ ০৬—১০ মার্চ ২০২৬	শুক্রবার—মঙ্গলবার
আপিল নিষ্পত্তির তারিখ	:	২৬ ফাল্গুন ১৪৩২ ১১ মার্চ ২০২৬	বুধবার

(১৩২৮৭)

মূল্য : টাকা ৪.০০

প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৯ ফাল্গুন ১৪৩২	শনিবার
		১৪ মার্চ ২০২৬	
প্রতীক বরাদ্দের তারিখ	:	০১ চৈত্র ১৪৩২	রবিবার
		১৫ মার্চ ২০২৬	
ভোটগ্রহণের তারিখ	:	২৬ চৈত্র ১৪৩২	বৃহস্পতিবার
		০৯ এপ্রিল ২০২৬	

২। আগামী ২৬ চৈত্র ১৪৩২/০৯ এপ্রিল ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাঞ্জে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে। উল্লেখ্য যে, ২৬ অগ্রহায়ণ ১৪৩২/ ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে নির্বাচনি সময়সূচি ঘোষণার পর ইতঃপূর্বে যাহাদের নাম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকায় রহিয়াছে তাহাদেরকে নতুন করিয়া মনোনয়নপত্র দাখিল করিতে হইবে না এবং জামানতের অর্থও জমা দিতে হইবে না।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আখতার আহমেদ
সিনিয়র সচিব।